7

তারিখ ... 21 DEC 1994 ..
পৃষ্ঠা ০ কলাম ২....

দৈনিক জনকণ্ঠ

# তাক লাগিয়ে দিয়েছে ভিকারুন্নিসা নুন কলেজ ॥ মেয়েদের সার্বিক সাফল্যও চমকে দেয়ার মতো

**জনকণ্ঠ রিপোর্ট**

তাক লাগিয়ে দিয়েছে ভিকারুন্নিসা নুন কলেজ। ঢাকা বোর্ডের বিজ্ঞানের মেধা তালিকার প্রথম তিনটি স্থানই শুধু নয়, তিনটি বিভাগের মেধা তালিকায় ঠাঁই করে নিয়েছে ভিকারুন্নিসার ২৫ জন ছাত্রী। কেবল বিজ্ঞানের মেধা তালিকাতেই রয়েছে ১৪ জন। মানবিক ও বাণিজ্য বিভাগে যথাক্রমে ৫ ও ৬ জন। এদিকে ঢাকা ছাড়া অন্য তিনটি বোর্ডের পরীক্ষায় এবারে প্রাধান্য বিস্তার করেছে ক্যাডেট কলেজগুলো।

ঢাকা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মেয়েদের সাফল্য এবার চমকে দেয়ার মতো। মেধা তালিকাতেই শুধু নয়, গড় ফলেও এগিয়ে রয়েছে মেয়েরা। ঢাকা বোর্ডে ছেলেদের পাসের হার যেখানে ৪১ দশমিক ৫১ শতাংশ, মেয়েরা সেখানে কয়েক ধাপ উপরে; ৪৫ দশমিক ১০ শতাংশ। আলাদা আলাদাভাবে বিভিন্ন বিভাগের ফলের ক্ষেত্রেও এগিয়ে আছে মেয়েরা। বিজ্ঞানে ছেলেদের পাসের হার ৫৭ দশমিক ৩৭, মেয়েদের ৬৬ দশমিক ৯৬। মানবিকে ছেলেদের পাসের হার ৩১ দশমিক ৬৩, মেয়েদের ৩৯ দশমিক ৬৯। বাণিজ্যে ছেলেদের পাসের হার ৪৫ দশমিক ৩৪, মেয়েদের ৫৯ দশমিক ৭৯। কেবল একটি জায়গাতেই এখনও পিছিয়ে মেয়েরা, সংখ্যায়। ঢাকা বোর্ডে এবার পরীক্ষার্থীদের মধ্যে ছেলে ছিল ৯০ হাজার ৩৭৬ জন, আর মেয়ে ৪৭ হাজার ৯৩৬ জন।

মেয়েদের আলাদা মেধা তালিকা প্রকাশের যে রেওয়াজ এতদিন ধরে চলে আসছে এবার বোধহয় তা বদলানোর সময় এসেছে। এবার ঢাকা বোর্ডের বিজ্ঞানের ফল দেখে মনে হচ্ছিল—- ছেলেদের জন্য একটি পৃথক মেধা তালিকার প্রয়োজন।

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## তাক লাগিয়ে

(প্রথম পাতার পর)

### ক্যাডেট কলেজের প্রাধান্য

ঢাকা বোর্ড ছাড়া আর সব ক'টি বোর্ডেই মেধা তালিকায় এবারও প্রাধান্য বিস্তার করে রেখেছে ক্যাডেট কলেজগুলো। কুমিল্লা বোর্ডে কুমিল্লা ক্যাডেট কলেজ খুব ভাল ফল করেছে। এতে এককালের কুলীন কলেজ ফৌজদারহাট ক্যাডেট কলেজ তার সুনাম অক্ষুণ্ণ রাখতে পারেনি। চট্টগ্রাম কলেজ বরাবরের মতো এবারও ভাল করেছে।

রাজশাহী বোর্ডে প্রাধান্য রাজশাহী ক্যাডেট কলেজ ও পাবনা ক্যাডেট কলেজের। ভাল ফল করেছে রাজশাহী কলেজের ছাত্রছাত্রীরাও।

যশোর বোর্ডে বরিশাল ক্যাডেট কলেজ ও ঝিনাইদহ ক্যাডেট কলেজের একচেটিয়া আধিপত্য। মেধা তালিকার অধিকাংশ আসন এদের দখলে। তবে এর মাঝে মাদারীপুরের সৈয়দ আবুল হোসেন কলেজের সাফল্য নজর কেড়েছে সবার। মানবিক ও বাণিজ্য বিভাগে এই বেসরকারী কলেজের ৭ জন ছেলেমেয়ে স্থান পেয়েছে।

### প্রবাসীরা ভাল করেছে

প্রোব বার্তা সংস্থা জানায়, এবার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিদেশে অবস্থানরত বাংলাদেশীরা চমৎকার সাফল্য দেখিয়েছে। বিদেশের ৫টি কেন্দ্র থেকে পরীক্ষায় অংশগ্রহণকারী ৬৮ জনের মধ্যে ৪২ জনই প্রথম বিভাগে পাস করেছে। অকৃতকার্য হয়েছে মাত্র ২ জন। দোহা, আবুধাবী, জেদ্দা, রিয়াদ এবং ত্রিপলীতে বাংলাদেশের কূটনৈতিক মিশনের তত্ত্বাবধানে এসব পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষার্থীদের ফল মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে টেলেক্সযোগে এসব স্থানে পাঠিয়ে দেয়া হয়েছে।